# CHANDIDAS MAHAVIDYALAYA

A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.
UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016
KHUJUTIPARA □ Dist.- BIRBHUM □ WEST BENGAL □ INDIA-731215

www.chandidasmahavidyalaya.ac.in
- 9474614644

cmahavidyalaya1972@gmail.com
- 8371069569

Estd. - 1972


Ref. No..........................

Date..........................

Chandidas Mahavidyalaya * Estd.-1972 * P.O.-Khujutipara, Dist.-Birbhum

## Department of Bengali

### B.A BENGALI (HONS & GEN)

### PROGRAMME SPECIFIC OUTCOME

- নিসর্গ প্রতিবেশ ও সমাজের ঘেরাটপে অনুভূতির বিচিত্র রসায়নের মাধ্যমে জীবনের চালচিত্র পরিবেশনই সাহিত্যের গণ্ডিভূত।
- বাংলা ভাষা ও সাহিত্য পাঠের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা জীবনের বিচিত্র খণ্ড-বিখণ্ড রূপ আত্তিকরণের মাধ্যমে তাদের অনুভূতিগুলিকে পরিবর্তন ও পরিমার্জন করতে সক্ষম হবে।
- মানবিক মূল্যবোধের বিকাশ ঘটবে এবং সচেতন হৃদয়বান নাগরিক হয়ে ওঠার সহায়ক হবে।
- জীবন বিকাশের বিভিন্ন পর্যায় শ্রেয় ও প্রিয় বেধে উদ্বেলিত হয়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতায় আসীন হবে।
- প্রকৃত জীবনবোধের সন্ধান পাবে। পরিবেশের অন্যান্য জীব বৈচিত্রের গুরুত্ব বুঝতে শিখবে।
- বাংলা ভাষা শিক্ষায় শিক্ষিত হয়ে অতীতের সঙ্গে বর্তমান ভাষা বৈচিত্রের সোনালী সুতোর সন্ধান পাবে।
- ভাষা বৈচিত্র যে আমাদের অতীত ইতিহাসের সঙ্গে সম্পৃক্ত সে সম্পর্কে স্বচ্ছ ধারণা তৈরি হবে।
- মাতৃভাষার সঙ্গে বাঙালি জাতির আবেগ ও সংস্কৃতির যোগসূত্রকে জানতে ও রক্ষা করতে সক্ষম হবে।

  জাতিগত ঐতিহ্য সম্পর্কে শ্রদ্ধাশীল হবে।

- ছাত্র-ছাত্রীদের মধ্যে সাহিত নান্দনিক বিকাশ সাধনে ও অগ্রণী ভূমিকা গ্রহণ করবে।
- ফলে ছাত্র-ছাত্রীরা বাংলা ভাষা ও সাহিত্য অধ্যায়নের পরবর্তী স্তরে বিভিন্ন স্ব স্ব অবদান রাখতে পারবে।
- শিক্ষকতা, অনুবাদক, দোভাষী,পুরুফরিডার, লোকসংস্কৃতি চর্চা, ভাষা পরিকল্পনা এবং পুঁথিচর্চা ইত্যাদি পেশার সঙ্গে যুক্ত হতে পারবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

CHANDIDAS MAHAVIDYALAYA
A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.
UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016
KHUJUTIPARA ▫ Dist.- BIRBHUM ▫ WEST BENGAL ▫ INDIA-731215
www.chandidasmahavidyalaya.ac.in cmahavidyalaya1972@gmail.com
- 9474614644 - 8371069569
Estd. - 1972

Ref. No.......................... Date..........................

Chandidas Mahavidyalaya Estd.-1972 P.O.-Khujutipara, Dist.-Birbhum

# DEPARTMENT OF BENGALI

## B.A BENGALI (HONS)

## PROGRAMME COURSE OUTCOME

বাংলা স্নাতক

SEM 1, CC-1

সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

সাহিত্যার ইতিহাস পাঠের মাধ্যমে বাংলা সাহিত্যার উদ্ভব, বিবর্তন ও ক্রমবিকাশ সম্পর্কে ছাত্ররা সার্বিক জ্ঞান অর্জন করতে পারে। সেই সঙ্গে সমকালের সমাজ জীবন, মানুষ ও মানুষের জীবন জীবিকা, খাদ্যাভাস, অর্থনৈতিক কাঠামো, দেশের শাসন ব্যাবস্থা কেমন ছিল তা জানতে পারে। বর্তমান সময়ের সাহিত্যের যে অত্যাধুনিক পরিণত রূপ আমরা দেখি তা বিবর্তনের কোন পথ বেয়ে কী ভাবে এই পর্যয়ে উন্নীত হলো তা জানতে পারে। সেই সঙ্গে ভাষার বিবর্তন ও ক্রমবিকাশের ধারা সম্পর্কেও জানা যায়। জানা যায় আধুনিক সাহিত্যের বীজ সেখানে কী ভাবে রোপন করা হয়েছিল। এছাড়া বাঙলা দেশের জনপদ, ভৌগলিক অবস্থান সম্পর্কেও নানা তথ্য পাঠক জানতে পারে। জানতে পারে বাংলার ঐতিহ্য, কৃষ্টি ও সভ্যতা সম্পর্কেও।

CC-2

ছন্দ, অলংকার- ছন্দ, অলংকার পাঠের দ্বারা ছাত্র মনে সাহিত্যের আঙ্গিক স্মপর্কে সুস্পষ্ট ধারণা গড়ে উঠবে। ছন্দের রীতিগত ও পাঠগত বিভাগ সম্পর্কে জ্ঞান তাদের ছন্দ লিপিকরণে দক্ষ হতে সাহায্য করবে।

অলংকার পাঠের দ্বারা ছাত্র সাহিত্যের ভাষা ও ভাবরূপ (শব্দ ও অর্থ ভিত্তিক) সৌন্দর্য উপলব্ধি করতে শিখবে। সার্বিকভাবে সাহিত্যের কাব্যিকগুণ গুলি তারা আয়ত্ত করবে।

SEM -2

CC 3.

পদাবলী সাহিত্য-

বৈষ্ণবপদাবলী – পদাবলী হলো ছোট ছোট পদের সমাহার। এগুলি পাঠের দ্বারা ছাত্র মনে মধ্যযুগীয় কাব্যরস খণ্ডপদের সমন্বয় , বৈষ্ণব ও শাক্ত ধর্মতত্ত্বের নিগূঢ় বন্ধনে মানবীয় চেতনার উপলব্ধি ঘটবে। ষোড়শ থেকে অষ্টাদশ শতাব্দীর সামাজিক, রাষ্ট্রীয় ও ধর্মীয় প্রভাবগুলি সম্পর্কে ছাত্ররা জানবে। সর্বোপরি বাংলা সাহিত্যের কাব্যের ধারণা গড়ে উঠবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

CHANDIDAS MAHAVIDYALAYA
A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.
UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016
KHUJUTIPARA □ Dist.- BIRBHUM □ WEST BENGAL □ INDIA-731215
www.chandidasmahavidyalaya.ac.in cmahavidyalaya1972@gmail.com
- 9474614644 - 8371069569
Estd. - 1972

Ref. No.......................... Date..............................

Chandidas Mahavidyalaya * P.O.-Khujutipara, Dist.-Birbhum Estd.-1972

Cc-4

রামায়ণ-

বাংলা সাহিত্যএর মধ্যযুগের সূচনালগ্নে অনুবাদ সাহিত্য সম্পর্কে ছাত্ররা জানতে পারবে। আদি কবি বাল্মীকি সহ বাঙালি কবি কৃত্তিবাসের কবি প্রতিভার সম্যক পরিচিতি লাভ করবে। ভারতীয় ভাষা, সাহিত্য ও সমাজ ভাবনার সঙ্গে বাঙালি জীবন ও সাহিত্যকে মেলাতে সক্ষম হবে। বাঙালির জাতির মর্মমূলে রামায়ণের যে সার্বিক প্রভাব আজও বহমান, তা সম্ভব হয়েছে যে কবির লেখনির দ্বারা, তাঁর সম্পর্কে ছাত্ররা ওয়াকিবহাল হবে।

অন্নদামঙ্গল-

মধ্যযুগের বাংলা সাহিত্যে মঙ্গলকাব্যের ব্যপ্তি ছিল বৃহৎ। অষ্টাদশ শতাব্দীতে এসে এই ধারা দুর্বল হয়ে পড়ে। ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্যটি এই ধারার শেষ কাব্য। এবং মধ্যযুগের শেষ কাব্য। এই কাব্যের মধ্যে একটা যুগাবসনের ইতিহাসকে অঙ্গে ধারণ করে আছে। পল্লীসমাজ ও নগর সভ্যতা, রাজাদের বিলাস বহুল জীবনের পাসাপাশি নিরন্ন মানুষের জীবন ধারণের ইতিহাস সম্পর্কে জানবে। সেই সঙ্গে সেই সময়ের ইতিহাস সম্পর্কেও জ্ঞান অর্জন করবে। সাহিত্যে দৈবিক ভাবনার অবসান ঘটিয়ে মানবিক চেতনার জাগরণের দ্বারা আধুনিক সাহিত্য রচনার পথ কীভাবে নির্মিত হলো, এই কাব্য বিশ্লেষণের মধ্যে দিয়ে তা জানবে।

SEM -3

CC-5

বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০১-১৯৫০)

এই পর্বে এসে বাংলা সাহিত্যের ইতিহাস আধুনিক রূপ পরিগ্রহ করলো। সাহিত্যে অনেক নতুন নতুন শাখার জন্ম হলো। বাংলা সাহিত্যে এক নতুন দিগন্তের উন্মোচন হলো এই পর্বে এসে। বাংলা সাহিত্য পদ্যের আঙিনা ছাপিয়ে গদ্যের দরবারে প্রবেশ করলো। আমরা পেলাম প্রচুর গদ্যরচনা। সেই গদ্য রচনার হাত ধরে পেলাম প্রবন্ধ নামক মননশীল রচনা। যা পাঠ করে ছাত্ররা সেই সময়ে প্রাবন্ধিক ও প্রবন্ধের স্বরূপ সম্পর্কে জানতে পারবে। কবিতায় যুগসন্ধির ছাপ সুস্পষ্ট হলো। পুরাতন কাব্য আঙ্গিককে পাশাপাশি নতুন নতুন কাব্যাঙ্গিকের সম্প্রসারণ ঘটলো। আদি মহাকাব্য থেকে কাহিনি নিয়ে রচিত হলো সাহিত্যিক মহাকাব্য। যেখানে ব্যাক্তিমানুষ প্রতিষ্ঠিত হলো। ব্যক্তিগত ভাবোচ্ছ্বাস শিল্পগত রূপ নিল গীতিকবিতা নামে। বিহারীলালের হাতে এই আঙ্গিকের জন্ম এবং রবীন্দ্রনাথের হাতে তার বিস্তারের যে সুদীর্ঘ ইতিহাস সেই সম্পর্কে ছাত্ররা জানতে পারবে। পেলাম আধুনিক জীবন ভাবনার বিচিত্র বিস্তার কথাসাহিত্যের আঙ্গিকে। উপন্যাসের বৃহৎ ক্যানভাসে ছাত্ররা দেখতে পাবে জীবনের বিচিত্র ভাবনা, চিন্তা ও চেতনাকে। সমকালের প্রেক্ষিতে তারা সেই রচনাগুলিকে ব্যাখ্যা ও বিশ্লেষন করতে শিখবে। পেলাম একই সঙ্গে পাঠ্য ও দৃশ্যমান শিল্পাঙ্গিক নাটক। যা জীবনের দন্দ্ব ও সংঘাতময় রূপেরই চালচিত্র। সাহিত্য কেবল পাঠ্য নয়, দৃশ্য রূপে কী ভাবে উদ্ভাসিত হয়ে উঠলো তা ছাত্ররা জানবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

# CHANDIDAS MAHAVIDYALAYA

*A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.*

UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016

KHUJUTIPARA ◻ Dist.- BIRBHUM ◻ WEST BENGAL ◻ INDIA-731215

www.chandidasmahavidyalaya.ac.in cmahavidyalaya1972@gmail.com

- 9474614644 - 8371069569

Estd. - 1972

Ref. No.......................... Date..........................

CC-6

ভাষাতত্ত্ব

ভাষাতত্ত্ব পাঠের মাধ্যমে ভাষার পরিচয়, বাংলা ভাষার বৈশিষ্ট্য ও গুরুত্ব এবং বাংলা ভাষার বিভিন্ন রূপ সম্পর্কে ছাত্ররা বিশেষ ধারণা লাভ করতে পারবে। ধ্বনি ও বর্ণ , বর্ণমালা ও লিপি , স্বরধ্বনি ও স্বরবর্ণের পরিচয়, ব্যঞ্জন ধ্বনি ও ব্যঞ্জনবর্ণের পরিচয়, বাংলা উচ্চারণের নিয়ম ও বাংলা বানানের নিয়মের পাঠতারা লাভ করবে। শব্দভান্ডার, শব্দ ও পদের শ্রেণিবিভাগ, শব্দার্থ পরিবর্তন ও শব্দ গঠনের উপায় সম্পর্কে তারা অবহিত হবে। বাক্য ও বাক্যের ধরণ, বাক্য প্রকরণ, পদক্রম, বাক্যগঠন প্রভৃতির পাঠ তারা গ্রহণ করবে। সর্বোপরি বাংলা ভাষাকে কীভাবে সুন্দর শুদ্ধ ও শৃঙ্খলাবদ্ধ করা যায় তার পরিচয় ছাত্ররা জানতে পারবে।

CC-7

গীতিকাব্য ও পত্রকাব্য

আধুনিক যুগের গীতিকাব্য ও পত্রকাব্য সম্পর্কে ছাত্রমনে সাম্যক ধারণা গড়ে উঠবে। উনিশ শতকীয় রেনাসাঁ-জাত মানবতাবাদ ও ব্যাক্তিসাতন্ত্র্যবাদের পাশাপাশি পুরাণের নবজাগরণ, প্রাচ্য ও পাশ্চাত্যের মেলবন্ধন প্রভৃতি বিষয়গুলি সম্পর্কে সুস্পষ্ট অভিমত গড়ে উঠবে। মধুসূদন দত্ত প্রণীত অমিত্রাক্ষর ছন্দ বিষয়ে জানবে।অধুনিক বাংলা লিরিক কবিতায় ব্যক্তি হৃদয়ের অন্তর্লীন আনন্দ বেদনার অনুভব ছাত্রকে উদ্বুদ্ধ করবে।

SEM-4

CC-8

রবীন্দ্র কবিতা ও আধুনিক কবিতা

বাংলা কাব্যের ইতিহাস , গীতি কবি রবীন্দ্রনাথের আবির্ভাব, রবীন্দ্র কাব্য চর্চা, বাংলা কাব্য সাহিত্যে রবীন্দ্রনাথের সংযোজন, রবীন্দ্র কাব্যের বৈশিষ্ট্য, কাব্য সাধনা ও নোবেল পুরস্কার লাভ, রবীন্দ্র কাব্যের বিভিন্ন স্বরূপ যথা, প্রেম,প্রকৃতি, মানবের প্রতি প্রেম, আধ্যাত্মিক চেতনা ইত্যাদি বিষয়গুলি তাঁর পাঠ্য কবিতাগুলি পাঠের মাধ্যমে ছাত্ররা জানতে পারবে।

রবীন্দ্র কাব্যের বিরোধিতার মাধ্যমে ইহমুখিন জীবন ভাবনা কীভাবে উপ্ত হয়েছে সেই সম্পর্কে ছাত্ররা জানতে পারবে আধুনিক কবিতা পাঠের দ্বারা। কল্লোলের কলবরের কীভাবে বাংলা কবিতার পালাবদল ঘটল সেই সম্পর্কে সম্যক ধারণা ছাত্ররা পাবে এই কবিতাগুলি পাঠের মাধ্যমে। কবিতার বিষয় ও আঙ্গিক সম্পর্কেও তারা নতুন জ্ঞান লাভ করবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

# CHANDIDAS MAHAVIDYALAYA

*A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.*

UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016

KHUJUTIPARA ▫ Dist.- BIRBHUM ▫ WEST BENGAL ▫ INDIA-731215

www.chandidasmahavidyalaya.ac.in ✆- 9474614644

cmahavidyalaya1972@gmail.com ✆- 8371069569

Estd. - 1972


Ref. No.............................. Date..............................

Chandidas Mahavidyalaya Estd.-1972 P.O.-Khujutipara, Dist.-Birbhum

CC- 9

উপন্যাস

বাংলা উপন্যাসের ধারার সঙ্গে ছাত্ররা পরিচিত হবে। উপন্যাসের চরিত্র, প্লট, মনস্তত্ব, ভাষা প্রভৃতি উপাদানগুলি সম্পর্কে ধারণা তৈরি হবে। কীভাবে উপন্যাস বিশ্লেষণ করতে হয়, সে সম্পর্কে ছাত্ররা জানবে। উনিশ ও বিশসতকের সামাজিক, আর্থসামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় প্রেক্ষাপট সম্পর্কে ছাত্রারা ওয়াকিবহাল হবে। এবং এই সকল বিষয়গুলির প্রেক্ষাপটে মানবজীবনকে বিশ্লেষণ করার দক্ষতা অর্জন করবে। সর্বোপরি উপন্যাসের জীবন দর্শন ব্যক্তিমনে যে গভীর অভিজ্ঞতার জন্ম দেয় , সে সম্পর্কে ছাত্ররা অভিজ্ঞ হবে।

CC- 10

নাটক

দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটক পাঠের মাধ্যমে সমকালীন নীলকর সাহেবদের অত্যাচারের বিভৎসতার ইতিহাস সম্পর্কে জানতে পারবে। এখান থেকেই বাংলা নাটক কীভাবে পালাবদলের ইতিহাস রচনা করলো সেই সম্পর্কে স্বচ্ছ ধারণা পাবে। শাসক দলের অত্যাচারের বিরুদ্ধে সাধারণ মানুষের প্রতিবাদ ও প্রতিরোধের মাধ্যমে গণনাটকের বীজ এই নাটকে কীভাবে রোপিত হলো সেই সূত্রের সন্ধান ছাত্ররা পাবে।

রবীন্দ্রনাথের 'শারদোৎসব' নাটকটি পাঠের দ্বারা ছাত্ররা রবীন্দ্রনাথের নাটক সম্পর্কে বিশেষ করে ঋতু নাটক সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করবে। সমাজের বিভিন্ন ধরণের মানুষ যেমন কৃপণ, পরোপকারি, অন্যের দুঃখের ভাগিদার হওয়া সৎ চরিত্র সম্পর্কে জানতে পারবে এবং প্রকৃতির সঙ্গে আনন্দ ভাগ করে নিতে শিখবে।

SEM-5

CC- 11

গল্পগুচ্ছ ও একালের গল্প

সাহিত্যের নতুন ফসল ছোটগল্প। রবীন্দ্রনাথের হাতেই সার্থক ছোটগল্পের জন্ম ও পরিণতি। গল্পের প্রতি মানুষের আকর্ষণ চিরকালীন। তাই পাঠ্য গল্পগুলির বিষয় ভাবনার গুরুত্ব অপরীসীম। রবীন্দ্র গল্পের প্রকৃতি ও মানব জীবন , অস্তিবাদ, অতিলৌকিক প্রেক্ষাপটে মানবতার স্ফূরণ প্রভৃতি বিষয়ে ছাত্রদের জ্ঞান হবে। উনিশ থেকে বিশশতকে রবীন্দ্র গল্পে নারী ভাবনায় ব্যক্তি স্বাতন্ত্রবাদের চূড়ান্ত প্রকাশ তারা পর্যালোচনা করবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

# CHANDIDAS MAHAVIDYALAYA

*A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.*

UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016

KHUJUTIPARA ▢ Dist.- BIRBHUM ▢ WEST BENGAL ▢ INDIA-731215

www.chandidasmahavidyalaya.ac.in cmahavidyalaya1972@gmail.com

- 9474614644 - 8371069569

Estd. - 1972

Ref. No.............................. Date.............................

একালের গল্পগুলি পাঠ করে প্রথম বিশ্বযুদ্ধোত্তর দেশ ও সমাজের পটভূমি, রাজনীতি-অর্থনীতি-সমাজনীতি-ধর্মনীতির চরম অবক্ষয় সম্পর্কে তারা জানবে। রবীন্দ্রগল্প থেকে আধুনিক গল্পের বৃত্তে রোমান্টিসিজম থেকে বাস্তববাদ এবং যথাস্থিতবাদের দিকে সাহিত্যের উত্তরণ সম্পর্কে ধারণা তৈরি হবে।

CC- 12

প্রবন্ধ ও প্রাচ্য কাব্যতত্ব

প্রবন্ধের বৈশিষ্ট্য ও তার শ্রেণিবিভাগ সাহিত্যের অন্যান্য প্রকরণের সঙ্গে প্রবন্ধের পার্থক্য প্রভৃতির পাঠ ছাত্ররা গ্রহণ করবে। নির্বাচিত প্রবন্ধ সাহিত্য পাঠের মাধ্যমে সাধারণত জ্ঞান-বিজ্ঞান, ধর্ম-দর্শন, ইতিহাস, রাজনীতি,অর্থনীতি সমাজ ও সাহিত্য সম্পর্কে লেখকের যুক্তিগ্রাহ্য বক্তব্যকে অনুধাবণ করার চেষ্টা করবে। তারসঙ্গে ছাত্ররা নিজেদের চিন্তা চেতনার উন্মেষ ঘটানোর চেষ্টা করবে।

কাব্য কী? কাব্য কাকে বলে? কোনটি কাব্য, কেন কাব্য, কেন কাব্য নয়, কাব্যের নির্মান কৌশল, কাব্যে আত্মা কী, ধ্বনি কী, কয় প্রকার, রস কী, ভাব কীভাবে রসে পরিণত হয়, রস নির্মাণের কৌশল প্রভৃতি সম্পর্কে ছাত্রদের সম্যক ধারণা তৈরি হবে।

DSE-1

উনিশশতকের বাংলা কাব্য ও প্রবন্ধ

উনিশ শতকের আখ্যানকাব্য ও গীতিকবিতার উদ্ভবের প্রেরণা, সামাজিক, ঐতিহাসিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট, বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্য, আখ্যানকাব্যের বিলোপ,সম্পর্কে ছাত্ররা অবহিত হবে। এর পাশাপাশি উনিশশতকের প্রতিনিধি স্থানীয় কবি ও তাঁদের কাব্য বৈশিষ্ট্যগুলি সম্পর্কে তারা জানবে। একই ভাবে প্রবন্ধ সাহিত্যের উদ্ভব, বিকাশ ও বিবর্তন, বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যের সঙ্গে সঙ্গে প্রতিনিধি স্থানীয় প্রাবন্ধিক ও তাঁদের প্রবন্ধ বিষয়ক সাধারণ ধারণা ছাত্র মনে গড়ে উঠবে।

DSE-2

উনিশশতকের বাংলা নাটক ও কথা সাহিত্য

উনিশশতকের বাংলা নাটকের উদ্ভবের প্রেরণা, সামাজিক, ঐতিহাসিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট, বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলি সম্পর্কে ছাত্ররা অবহিত হবে। সেইসঙ্গে

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Chandidas Mahavidyalaya Estd.-1972 P.O.-Khujutipara, Dist.-Birbhum

উনিশশতকের প্রতিনিধি স্থানীয় নাট্যকার ও তাঁদের নাটক রচনার আঙ্গিকগত কৌশল সম্পর্কে তারা জানবে। একই ভাবে কথাসাহিত্যের উদ্ভব, বিকাশ ও বিবর্তন, বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যের সঙ্গে সঙ্গে প্রতিনিধি স্থানীয় ঔপন্যাসিক, ছোটগল্পকার ও তাঁদের উপন্যাস ও গল্পে বিষয়ক সাধারণ ধারণা ছাত্র মনে গড়ে উঠবে।

SEM-6

CC-13

সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাস

ছাত্রদের তুলনামূলক সাহিত্য চর্চার অভ্যাস গড়ে তোলার সহায়ক হবে এই দুটি বিজাতীয় সাহিত্যের ইতিহাস পাঠের মধ্যে দিয়ে। উভয় সাহিত্যের ইতিহাস পাঠের দ্বারা সেই সকল ভাষার সাহিত্যের উল্লেখযোগ্য কবি ও তাঁদের রচনা সম্পর্কে একটা স্বচ্ছ ধারণা গড়ে উঠবে। ফলে ছাত্রদের জ্ঞানের পরিধি নিজ সাহিত্যকে অতিক্রম করে বিশ্বসাহিত্যের দিকে এগিয়ে যাবে।

CC-14

সাহিত্যের রূপ-রীতি ও সংরূপ

সাহিত্য বিষয় আধুনিক ইজম তথা বাদগুলির উদ্ভব , ক্রমবিকাশ, সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে ছাত্ররা জ্ঞান অর্জন করবে। কবিতা, নাটক, উপন্যাস, ছোটগল্প ও প্রবন্ধের স্বরূপ, উদ্ভব ও বিকাশ সম্পর্কে তারা ঋদ্ধ হবে। সর্বোপরি সাহিত্য বিশ্লেষণের দক্ষতা তারা অর্জন করবে।

DSE-3

বিশশতকের স্বাধীনতা-পূর্ববর্তী বাংলা কথাসাহিত্য

বিশশতকের স্বাধীনতা-পূর্ববর্তী বাংলা কথাসাহিত্যের ক্রমবিকাশ ও বিবর্তন, বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যের সঙ্গে সঙ্গে প্রতিনিধি স্থানীয় বাংলা ঔপন্যাসিক-ছোটগল্পকার ও তাঁদের উপন্যাস ও গল্পে বিষয়ক সাধারণ ধারণা ছাত্র মনে গড়ে উঠবে।

DSE-4

সাহিত্য বিষয়ক প্রবন্ধ ও লোকসাহিত্য

সাহিত্য বিষয়ক প্রবন্ধ রচনা শিক্ষণের দ্বারা ছাত্ররা সাহিত্য সম্পর্কে সম্যক ধারণার অধিকারী হবে।

মানব জীবনে সংস্কৃতির গুরুত্ব প্রজন্ম থেকে প্রজন্মে সংস্কৃতির স্থানান্তর, লালিত ঐতিহ্য, সংস্কৃতির পরিবর্তনশীলতা , লোকসংস্কৃতির উপর আধুনিক প্রযুক্তির প্রভাব, বিশ্বায়নের প্রভাব ইত্যাদির পাঠ ছাত্ররা গ্রহণ করবে। লোকসংস্কৃতির সংজ্ঞা স্বরূপ ও বৈশিষ্ট্য এবং তার শ্রেণিবিভাগ সম্পর্কে ছাত্ররা ধারণা লাভ করবে। এছাড়া লোকসংস্কৃতির বিভিন্ন প্রকরণ বিষয়েও তারা জানতে পারবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

# CHANDIDAS MAHAVIDYALAYA

*A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.*
UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016
KHUJUTIPARA ◻ Dist.- BIRBHUM ◻ WEST BENGAL ◻ INDIA-731215

www.chandidasmahavidyalaya.ac.in
✆- 9474614644

cmahavidyalaya1972@gmail.com
✆- 8371069569

Estd. - 1972


*Ref. No.........................* *Date...........................*

Chandidas Mahavidyalaya * P.O.-Khujutipara, Dist.-Birbhum * Estd.-1972

## Department of Bengali

### B.A BENGALI (HONS & GEN)

### PROGRAMME SPECIFIC OUTCOME

Chandidas Mahavidyalaya * P.O.-Khujutipara, Dist.-Birbhum * Estd.-1972

- নিসর্গ প্রতিবেশ ও সমাজের ঘেরাটপে অনুভূতির বিচিত্র রসায়নের মাধ্যমে জীবনের চালচিত্র পরিবেশনই সাহিত্যের গণ্ডিভূত।
- বাংলা ভাষা ও সাহিত্য পাঠের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা জীবনের বিচিত্র খণ্ড-বিখণ্ড রূপ আত্তিকরণের মাধ্যমে তাদের অনুভূতিগুলিকে পরিবর্তন ও পরিমার্জন করতে সক্ষম হবে।
- মানবিক মূল্যবোধের বিকাশ ঘটবে এবং সচেতন হৃদয়বান নাগরিক হয়ে ওঠার সহায়ক হবে।
- জীবন বিকাশের বিভিন্ন পর্যায় শ্রেয় ও প্রিয় বোধে উদ্বেলিত হয়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতায় আসীন হবে।
- প্রকৃত জীবনবোধের সন্ধান পাবে। পরিবেশের অন্যান্য জীব বৈচিত্রের গুরুত্ব বুঝতে শিখবে।
- বাংলা ভাষা শিক্ষায় শিক্ষিত হয়ে অতীতের সঙ্গে বর্তমান ভাষা বৈচিত্রের সোনালী সুতোর সন্ধান পাবে।
- ভাষা বৈচিত্র যে আমাদের অতীত ইতিহাসের সঙ্গে সম্পৃক্ত সে সম্পর্কে স্বচ্ছ ধারণা তৈরি হবে।
- মাতৃভাষার সঙ্গে বাঙালি জাতির আবেগ ও সংস্কৃতির যোগসূত্রকে জানতে ও রক্ষা করতে সক্ষম হবে।

  জাতিগত ঐতিহ্য সম্পর্কে শ্রদ্ধাশীল হবে।
- ছাত্র-ছাত্রীদের মধ্যে সাহিত নান্দনিক বিকাশ সাধনে ও অগ্রণী ভূমিকা গ্রহণ করবে।
- ফলে ছাত্র-ছাত্রীরা বাংলা ভাষা ও সাহিত্য অধ্যায়নের পরবর্তী স্তরে বিভিন্ন স্ব স্ব অবদান রাখতে পারবে।
- শিক্ষকতা, অনুবাদক, দোভাষী,পুরুফরিডার, লোকসংস্কৃতি চর্চা, ভাষা পরিকল্পনা এবং পুঁথিচর্চা ইত্যাদি পেশার সঙ্গে যুক্ত হতে পারবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

# CHANDIDAS MAHAVIDYALAYA

*A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.*

UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016

KHUJUTIPARA ▢ Dist.- BIRBHUM ▢ WEST BENGAL ▢ INDIA-731215

www.chandidasmahavidyalaya.ac.in cmahavidyalaya1972@gmail.com

- 9474614644 - 8371069569

Estd. - 1972


Ref. No.......................... Date..........................

Chandidas Mahavidy... Estd.-1972 P.O.-Khujutipara, Dist.-Birb...

Chandidas Mahavid... Estd.-1972 P.O.-Khujutipara...

## DEPT. OF BENGALI

## B.A BENGALI(GEN)

## বাংলা স্নাতক

## SEMESTER I

CC-1A

প্রবন্ধসাহিত্য : বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ

প্রবন্ধের বৈশিষ্ট্য ও তার শ্রেণিবিভাগ সাহিত্যের অন্যান্য প্রকরণের সঙ্গে প্রবন্ধের পার্থক্য প্রভৃতির পাঠ ছাত্ররা গ্রহণ করবে।বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ ঠাকুরের নির্বাচিত প্রবন্ধ সাহিত্য পাঠের মাধ্যমে সাধারণত জ্ঞান-বিজ্ঞান, ধর্ম-দর্শন, ইতিহাস, রাজনীতি,অর্থনীতি সমাজ ও সাহিত্য সম্পর্কে লেখকের যুক্তিগ্রাহ্য বক্তব্যকে অনুধাবণ করার চেষ্টা করবে। তারসঙ্গে ছাত্ররা নিজেদের চিন্তা চেতনার উন্মেষ ঘটানোর চেষ্টা করবে।

SEMESTER II

CC-1B & CC-L2-1

গল্প

একালের গল্পগুলি পাঠ করে দেশ ও সমাজের পটভূমি, রাজনীতি-অর্থনীতি-সমাজনীতি-ধর্মনীতির চরম অবক্ষয় সম্পর্কে তারা জানবে। রবীন্দ্রগল্প থেকে আধুনিক গল্পের বৃত্তে রোমান্টিসিজম থেকে বাস্তববাদ এবং যথাস্থিতবাদের দিকে সাহিত্যের উত্তরণ সম্পর্কে ধারণা তৈরি হবে।

AECC-2

ভাষা অংশ

প্রবন্ধের বৈশিষ্ট্য ও তার শ্রেণিবিভাগ সাহিত্যের অন্যান্য প্রকরণের সঙ্গে প্রবন্ধের পার্থক্য প্রভৃতির পাঠ ছাত্ররা গ্রহণ করবে। নির্বাচিত প্রবন্ধ সাহিত্য পাঠের মাধ্যমে সাধারণত জ্ঞান-বিজ্ঞান, ধর্ম-দর্শন, ইতিহাস, রাজনীতি,অর্থনীতি সমাজ ও সাহিত্য সম্পর্কে লেখকের যুক্তিগ্রাহ্য বক্তব্যকে অনুধাবণ করার চেষ্টা করবে। তারসঙ্গে ছাত্ররা নিজেদের চিন্তা চেতনার উন্মেষ ঘটানোর চেষ্টা করবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

# CHANDIDAS MAHAVIDYALAYA

*A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.*

UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016

KHUJUTIPARA □ Dist.- BIRBHUM □ WEST BENGAL □ INDIA-731215

www.chandidasmahavidyalaya.ac.in cmahavidyalaya1972@gmail.com

- 9474614644 - 8371069569

Estd. - 1972


*Ref. No.*............................ *Date*..............................

বাংলা কাব্যের ইতিহাস,গীতি কবি রবীন্দ্রনাথের আবির্ভাব, রবীন্দ্র কাব্য চর্চা, বাংলা কাব্য সাহিত্যে রবীন্দ্রনাথের সংযোজন, রবীন্দ্র কাব্যের বৈশিষ্ট্য, কাব্য সাধনা ও নোবেল পুরস্কার লাভ, রবীন্দ্র কাব্যের বিভিন্ন স্বরূপ যথা, প্রেম,প্রকৃতি, মানবের প্রতি প্রেম, আধ্যাত্মিক চেতনা ইত্যাদি বিষয়গুলি তাঁর পাঠ্য কবিতাগুলি পাঠের মাধ্যমে ছাত্ররা জানতে পারবে।

সাহিত্যের নতুন ফসল ছোটগল্প। রবীন্দ্রনাথের হাতেই সার্থক ছোটগল্পের জন্ম ও পরিণতি। গল্পের প্রতি মানুষের আকর্ষণ চিরকালীন। তাই পাঠ্য গল্পগুলির বিষয় ভাবনার গুরুত্ব অপরীসীম। রবীন্দ্র গল্পের প্রকৃতি ও মানব জীবন , অস্তিবাদ, অতিলৌকিক প্রেক্ষাপটে মানবতার স্ফূরণ প্রভৃতি বিষয়ে ছাত্রদের জ্ঞান হবে। উনিশ থেকে বিশশতকে রবীন্দ্র গল্পে নারী ভাবনায় ব্যক্তি স্বাতন্ত্রবাদের চূড়ান্ত প্রকাশ তারা পর্যালোচনা করবে।

SEMESTER III

CC-1C

সাহিত্যের ইতিহাস

সাহিত্যর ইতিহাস পাঠের মাধ্যমে বাংলা সাহিত্যার উদ্ভব, বিবর্তন ও ক্রমবিকাশ সম্পর্কে ছাত্ররা সার্বিক জ্ঞান অর্জন করতে পারে। সেই সঙ্গে সমকালের সমাজ জীবন, মানুষ ও মানুষের জীবন জীবিকা, খাদ্যাভাস, অর্থনৈতিক কাঠামো, দেশের শাসন ব্যাবস্থা কেমন ছিল তা জানতে পারে। বর্তমান সময়ের সাহিত্যের যে অত্যাধুনিক পরিণত রূপ আমরা দেখি তা বিবর্তনের কোন পথ বেয়ে কী ভাবে এই পর্যয়ে উন্নীত হলো তা জানতে পারে। সেই সঙ্গে ভাষার বিবর্তন ও ক্রমবিকাশের ধারা সম্পর্কেও জানা যায়। জানা যায় আধুনিক সাহিত্যের বীজ সেখানে কী ভাবে রোপন করা হয়েছিল। এছাড়া বাঙলা দেশের জনপদ, ভৌগলিক অবস্থান সম্পর্কেও নানা তথ্য পাঠক জানতে পারে। জানতে পারে বাংলার ঐতিহ্য, কৃষ্টি ও সভ্যতা সম্পর্কেও।

SEC-1

বাংলা আমাদের ছাত্র-ছাত্রীদের মাতৃভাষা , সেকারণে সেই ভাষার শুদ্ধতা সম্পর্কে তারা জ্ঞানলাভ করতে পারবে। বাংলা ব্যাকরণের বিভিন্ন বিষয় স্তরে স্তরে ধ্বনি থেকে শুরু করে বাক্য পর্যন্ত অগ্রসর হয়েছে সে বিষয়ে সম্যক ধারণালাভ করবে ও বাংলা ভাষা কে তারা শুদ্ধভাবে লিখতে,পড়তে ও বলতে পারবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

# CHANDIDAS MAHAVIDYALAYA

*A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.*

UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016

KHUJUTIPARA ▫ Dist.- BIRBHUM ▫ WEST BENGAL ▫ INDIA-731215

www.chandidasmahavidyalaya.ac.in ✆- 9474614644

cmahavidyalaya1972@gmail.com ✆- 8371069569

Estd. - 1972


Ref. No.......................... Date..............................

Chandidas Mahavidyalaya * Estd.-1972 * P.O.-Khujutipara, Dist.-Birbhum

SEMESTER IV

CC-1D

ভাষাতত্ত্ব

ভাষাতত্ত্ব পাঠের মাধ্যমে ভাষার পরিচয়, বাংলা ভাষার বৈশিষ্ট্য ও গুরুত্ব এবং বাংলা ভাষার বিভিন্ন রূপ সম্পর্কে ছাত্ররা বিশেষ ধারণা লাভ করতে পারবে। ধ্বনি ও বর্ণ , বর্ণমালা ও লিপি , স্বরধ্বনি ও স্বরবর্ণের পরিচয়, ব্যঞ্জন ধ্বনি ও ব্যঞ্জনবর্ণের পরিচয়, বাংলা উচ্চারণের নিয়ম ও বাংলা বানানের নিয়মের পাঠতারা লাভ করবে। শব্দভান্ডার, শব্দ ও পদের শ্রেণিবিভাগ, শব্দার্থ পরিবর্তন ও শব্দ গঠনের উপায় সম্পর্কে তারা অবহিত হবে। বাক্য ও বাক্যের ধরণ, বাক্য প্রকরণ, পদক্রম, বাক্যগঠন প্রভৃতির পাঠ তারা গ্রহণ করবে। সর্বোপরি বাংলা ভাষাকে কীভাবে সুন্দর শুদ্ধ ও শৃঙ্খলাবদ্ধ করা যায় তার পরিচয় ছাত্ররা জানতে পারবে।

CC-L2-2

আধুনিক বাংলাকবিতা

রবীন্দ্র কাব্যের বিরোধিতার মাধ্যমে ইহমুখিন জীবন ভাবনা কীভাবে উপ্ত হয়েছে সেই সম্পর্কে ছাত্ররা জানতে পারবে আধুনিক কবিতা পাঠের দ্বারা। কল্লোলের কলবরের কীভাবে বাংলা কবিতার পালাবদল ঘটল সেই সম্পর্কে সম্যক ধারণা ছাত্ররা পাবে এই কবিতাগুলি পাঠের মাধ্যমে। কবিতার বিষয় ও আঙ্গিক সম্পর্কেও তারা নতুন জ্ঞান লাভ করবে।

SEC-2

ছাত্র-ছাত্রীরা শিক্ষা ও জ্ঞানলাভের পাশাপাশি সুনাগরিক হয়ে উঠতে পারে সেজন্য পত্রলিখন, প্রতিবেদন ইত্যাদি বিষয়গুলি সম্পর্কে তারা জ্ঞানলাভ করবে। মনের ভাবকে ভাষায় প্রকাশ করার দক্ষতা অর্জন করবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

# CHANDIDAS MAHAVIDYALAYA

*A Govt. Aided Degree College Affiliated to the University of Burdwan.*

UGC Accredited under section 2(f) & 12(B) [1979] * NAAC Accredited in 2016

KHUJUTIPARA ◻ Dist.- BIRBHUM ◻ WEST BENGAL ◻ INDIA-731215

www.chandidasmahavidyalaya.ac.in
✆- 9474614644

cmahavidyalaya1972@gmail.com
✆- 8371069569

Estd. - 1972

Ref. No.................................. Date..............................

SEMESTER V

DSE-1A,GE-1 & SEC-3

উনিশ শতকের বাংলা উপন্যাস, গল্প ও প্রবন্ধ

কথাসাহিত্যের উদ্ভব, বিকাশ ও বিবর্তন, বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যের সঙ্গে সঙ্গে প্রতিনিধি স্থানীয় ঔপন্যাসিক, ছোটগল্পকার ও তাঁদের উপন্যাস ও গল্পে বিষয়ক সাধারণ ধারণা ছাত্র মনে গড়ে উঠবে।

প্রবন্ধের বৈশিষ্ট্য ও তার শ্রেণিবিভাগ সাহিত্যের অন্যান্য প্রকরণের সঙ্গে প্রবন্ধের পার্থক্য প্রভৃতির পাঠ ছাত্ররা গ্রহণ করবে। নির্বাচিত প্রবন্ধ সাহিত্য পাঠের মাধ্যমে সাধারণত জ্ঞান-বিজ্ঞান, ধর্ম-দর্শন, ইতিহাস, রাজনীতি,অর্থনীতি সমাজ ও সাহিত্য সম্পর্কে লেখকের যুক্তিগ্রাহ্য বক্তব্যকে অনুধাবণ করার চেষ্টা করবে। তারসঙ্গে ছাত্ররা নিজেদের চিন্তা চেতনার উন্মেষ ঘটানোর চেষ্টা করবে।

SEMESTER VI

DSE-1B

উনিশ শতকের বাংলা নাটকে ও প্রবন্ধ

উনিশ শতকের বাংলা নাটকের উদ্ভবের প্রেরণা, সামাজিক, ঐতিহাসিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট, বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলি সম্পর্কে ছাত্ররা অবহিত হবে। সেই সঙ্গে উনিশ শতকের প্রতিনিধি স্থানীয় নাট্যকার ও তাঁদের নাটক রচনার আঙ্গিকগত কৌশল সম্পর্কে তারা জানবে।

প্রবন্ধের বৈশিষ্ট্য ও তার শ্রেণিবিভাগ সাহিত্যের অন্যান্য প্রকরণের সঙ্গে প্রবন্ধের পার্থক্য প্রভৃতির পাঠ ছাত্ররা গ্রহণ করবে। নির্বাচিত প্রবন্ধ সাহিত্য পাঠের মাধ্যমে সাধারণত জ্ঞান-বিজ্ঞান, ধর্ম-দর্শন, ইতিহাস, রাজনীতি,অর্থনীতি সমাজ ও সাহিত্য সম্পর্কে লেখকের যুক্তিগ্রাহ্য বক্তব্যকে অনুধাবণ করার চেষ্টা করবে। তারসঙ্গে ছাত্ররা নিজেদের চিন্তা চেতনার উন্মেষ ঘটানোর চেষ্টা করবে।

GE-2 & SEC-4

উনিশ শতকের বাংলা ভ্রমণ সাহিত্য ও চিঠিপত্র, বাংলাচর্চা ও অনুবাদচর্চা

সুস্থ ও স্বাভাবিকভাবে বেড়ে ওঠার জন্য ও দেশ ও কালের গতি-প্রকৃতিকে জানার জন্য ভ্রমণ সাহিত্য খুবই গুরুত্বপূর্ণ। বাংলা আমাদের ছাত্র-ছাত্রীদের মাতৃভাষা , সেকারণে সেই ভাষার শুদ্ধতা সম্পর্কে তারা জ্ঞানলাভ করতে পারবে। বাংলা ব্যাকরণের বিভিন্ন বিষয় স্তরে স্তরে ধ্বনি থেকে শুরু করে বাক্য পর্যন্ত অগ্রসর হয়েছে সে বিষয়ে সম্যক ধারণালাভ করবে ও বাংলা ভাষা কে তারা শুদ্ধভাবে লিখতে,পড়তে ও বলতে পারবে। শিক্ষা ও জ্ঞানলাভের পাশাপাশি সুনাগরিক হয়ে উঠতে পারে সেজন্য পত্রলিখন, প্রতিবেদন ইত্যাদি বিষয়গুলি সম্পর্কে তারা জানলাভ করবে। মনের ভাবকে ভাষায় প্রকাশ করার দক্ষতা অর্জন করবে।

Teacher - in - Charge
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum

Deptt. of Bengali
Chandidas Mahavidyalaya
Khujutipara, Birbhum